

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

## [মুসক অনুবিভাগ]

ব্যাখ্যা পত্র নং-০১/মুসক/২০১৪

তারিখ: ০৫ জুন, ২০১৪ খ্রি:

**বিষয়:** করযোগ্য পণ্য সরবরাহ বা করযোগ্য সেবা প্রদানে সম্পূর্ণ নয়, এমন প্রতিষ্ঠানের স্থান ও স্থাপনা ভাড়া ওপর মুসক পরিশোধ এবং উৎসে মুসক কর্তন ও জমা প্রদানের ক্ষেত্রে নিবন্ধন গ্রহণ ও দাখিলপত্র পেশকরণ সম্পর্কিত ব্যাখ্যা।

জাতীয় রাজস্ব বোর্ড এমর্মে অবহিত হয়েছে যে, যেসব প্রতিষ্ঠান করযোগ্য পণ্য সরবরাহ বা করযোগ্য সেবা প্রদান করে না, শুধুমাত্র স্থান ও স্থাপনা ভাড়া ওপর মুসক পরিশোধ করে এবং যেসব প্রতিষ্ঠান করযোগ্য কোন কার্যক্রম পরিচালনা করেনা কিন্তু উৎসে মুসক কর্তনের বাধ্যবাধকতা রয়েছে সে সকল প্রতিষ্ঠান কর্তৃক মুসক নিবন্ধন গ্রহণ এবং দাখিলপত্র প্রদানের বিষয়ে মাঠ পর্যায়ে কিছু অস্পষ্টতা রয়েছে। এ সকল জটিলতা নিরসনের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নরূপ ব্যাখ্যা প্রদান করলো :

০২। মুসক অব্যাহতি সংক্রান্ত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত বা তালিকাভুক্ত উৎপাদক কর্তৃক (অফিস ব্যতীত) ভাড়া গ্রহণের ক্ষেত্রে এবং বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত অনধিক ৩০০ (তিনশত) বর্গফুটের আয়তনের কোন স্থাপনা ব্যবহারের ক্ষেত্রে ব্যতীত সকল ক্ষেত্রে স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারীর (সেবার কোড S০৭৪.০০) উপর বর্তমানে নীট ৯% হারে মুসক আরোপিত আছে। কিন্তু অনেক প্রতিষ্ঠান করযোগ্য পণ্য বা করযোগ্য সেবা প্রদান করে না, শুধুমাত্র বাড়ি ভাড়া ওপর ভ্যাট পরিশোধ করে, তাদের স্বাভাবিক কার্যক্রমের ওপর ভ্যাট আরোপিত না থাকায় মুসক নিবন্ধন নেই। মাঠ পর্যায়ে এ ধরনের প্রতিষ্ঠানকে অনেক সময় মুসকের আওতায় নিবন্ধন নিতে বলা হয় এবং দাখিলপত্র দাখিল করতে বলা হয়। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৫ এর উপ-ধারা (১) এ উল্লেখ আছে যে, করযোগ্য পণ্যের সরবরাহকারী বা করযোগ্য সেবা প্রদানকারী বা যে কোন পণ্যের আমদানিকারক বা যে কোন পণ্য বা সেবার রপ্তানিকারককে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নিবন্ধিত হতে হবে। উক্ত আইনে সেবা প্রদানকারীকে নিবন্ধিত হতে বলা হয়েছে। কিন্তু যিনি স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণ করেন তিনি সেবা গ্রহণকারী। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৯ এ নিবন্ধন গ্রহণের পদ্ধতি বর্ণিত আছে। বিধি ৯ এর উপ-বিধি (১) উল্লেখ আছে যে, করযোগ্য পণ্যের সরবরাহকারী বা করযোগ্য সেবা প্রদানকারীকে নিবন্ধন গ্রহণ করতে হবে। বাড়ি ভাড়া যিনি গ্রহণ করেছেন তিনি করযোগ্য সেবা প্রদানকারী নন, বরং সেবাগ্রহণকারী। আইনের ধারা-৩(৩) এর দফা (ঙ) তে সেবাগ্রহণকারীর উপর মুসক আরোপিত হওয়ায় মুসক আলোচ্য সেবার বিপরীতে মুসক প্রদান বাধ্যতামূলক।

০৩। তাই, যেসব প্রতিষ্ঠান শুধুমাত্র স্থান ও স্থাপনা ভাড়া ওপর মুসক পরিশোধ করে, কিন্তু করযোগ্য পণ্য সরবরাহ বা করযোগ্য সেবা প্রদান করে না, সেসব প্রতিষ্ঠানকে মুসকের আওতায়

নিবন্ধন গ্রহণ, মুসক সংক্রান্ত দলিলাদি সংরক্ষণ এবং দাখিলপত্র প্রদানের প্রয়োজন হবে না। তবে, বাড়ি ভাড়ার ওপর প্রযোজ্য মুসক ১/১১৩৩/সংশ্লিষ্ট কমিশনারেট কোড/০৩১১ তে প্রতি কর মেয়াদ জমা দিতে হবে এবং সংশ্লিষ্ট ট্রেজারী চালানের মূলকপি স্থানীয় মূল্য সংযোজন কর সার্কেলে প্রেরণ করতে হবে।

০৪। একইভাবে, যেসব প্রতিষ্ঠান কোন করযোগ্য পণ্য সরবরাহ করে না অথবা করযোগ্য সেবা প্রদান করে না কিন্তু বিধি-১৮'ক অনুযায়ী উৎসে মুসক কর্তনে দায়বদ্ধ সেসব প্রতিষ্ঠানকেও মুসকের আওতায় নিবন্ধিত হতে হবে না এবং দাখিলপত্র পেশ করতে হবে না। কারণ, উৎসে কর্তিত মুসক পণ্য বা সেবা সরবরাহকারীর প্রদেয় মুসক। পণ্য বা সেবা সরবরাহকারীর উপর প্রযোজ্য মুসক প্রাপ্তি নিশ্চিতকল্পে পণ্য বা সেবা গ্রহীতার ওপর বিল পরিপোধের সময় উৎসে মুসক কর্তন করার দায়িত্ব অন্যান্য প্রতিষ্ঠানকে দেয়া হয়েছে। প্রকৃতপক্ষে, তিনি সরকারের রাজস্ব আদায়ে সহায়তা করছেন। এ ধরনের উৎসে মুসক কর্তনকারী কর্তৃপক্ষকে কর্তিত মুসক বিধিবদ্ধ পদ্ধতিতে নির্ধারিত সময়ের মধ্যে "১/১১৩৩/সংশ্লিষ্ট কমিশনারেট কোড/০৩১১" তে ট্রেজারীতে জমা প্রদানপূর্বক ট্রেজারী চালানের মূলকপি স্থানীয় মূল্য সংযোজন কর সার্কেলে প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, ট্রেজারী চালানের মাধ্যমে মুসকের অর্থ জমা প্রদান করতে হলে জমাকারীর মুসক নিবন্ধন নম্বর উল্লেখ থাকা বাধ্যতামূলক নয়।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

( হাছান মুহম্মদ তারেক রিকাবদার )  
দ্বিতীয় সচিব (মুসক-আইন ও বিধি)